বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০৫.১৮.১২৩১ | তারিখ: ৩০ আষাঢ় ১৪২৮
১৪ জুলাই ২০২১

বিষয়: **আইএসপি লাইসেন্সের আওতায় PoP স্থাপন সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: (ক) বিটিআরসি হতে জারিকৃত আইএসপি লাইসেন্সিং গাইডলাইন এর স্মারক নং- ১৪.৩২.০০০০.০০৭.৫৫.১০১.১৫.৬১৩; তারিখঃ ১৫-১২-২০২০ খ্রিঃ।
(খ) বিটিআরসি এর পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০১.১৮.৫৭৯, তারিখঃ ০৭-০৪-২০২১খ্রিঃ।
(গ) বিটিআরসি এর পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০৫.১৮.১৭৩২, তারিখঃ ২৫-১১-২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে, আইএসপি লাইসেন্সের আওতায় Point of Presence (PoP) স্থাপনের বিষয়ে কমিশন হতে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

নির্দেশনাঃ

(ক) আইএসপি (সকল) লাইসেন্সের আওতায় PoP স্থাপনের পূর্বে এ সংক্রান্ত সকল তথ্যাদি (PoP এর পূর্ণাঙ্গ ঠিকানা, PoP এর দায়িত্বে নিয়োজিত ব্যক্তির নাম ও যোগাযোগের নম্বর, PoP এর Latitude ও Longitude, PoP এর বাড়ী ভাড়ার চুক্তিপত্র, অঙ্গীকারনামা ইত্যাদি) সহ এ বিষয়ে কমিশনকে অবহিত করতে হবে। তবে, পূর্বে স্থাপিত PoP হতে ০১(এক) কিলোমিটার দূরত্বের মধ্যে নতুন PoP স্থাপনের ক্ষেত্রে কমিশনের পূর্নুবামোদন গ্রহণ করতে হবে।
(খ) আবেদনকৃত PoP এর ০১(এক) কিলোমিটার দুরত্বের মধ্যে অত্র প্রতিষ্ঠানের অন্য কোন PoP আছে কিনা সে বিষয়ে অঙ্গীকারনামা প্রদান করতে হবে (নমুনা সংযুক্ত)।
(গ) কমিশনের অনুমোদন ব্যতিরেকে বিদ্যমান PoP হতে ০১ (এক) কিঃমিঃ দূরত্বের মধ্যে নতুন PoP স্থাপন করা হলে উহা অবৈধ হিসাবে গণ্য হবে।
(ঘ) PoP স্থাপনের ১৫ (পনের) দিনের মধ্যে এ সংক্রান্ত তথ্যাদি বিটিআরসি'র Data Information System (DIS) এ আপলোড করতে হবে।
(ঙ) PoP স্থাপনের পূর্বে অবহিত করতে ব্যর্থ হলে এবং PoP স্থাপনের পরে নির্ধারিত সময়ের মধ্যে DIS এ আপলোড করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট PoP অবৈধ হিসাবে গণ্য হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এই নির্দেশনা অদ্য হতে কার্যকর হবে।

সংযুক্তিঃ বর্ণামতে ০১(এক) পাতা।

১৪-৭-২০২১
মাহরীন আহসান
উপ-পরিচালক

চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ সত্বাধিকারী, সকল ISP (Nationwide/ Central Zone/ Zonal/ Category-A/ B/ C) অপারেটর।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০৫.১৮.১২৩১/১

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৮
১৪ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি/ সাধারণ সম্পাদক, আইএসপি এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি), বাড়ি-২, লেভেল-৪, রোড-২৮, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩ (সদস্য প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার অনুরোধসহ)।

১৪-৭-২০২১
মাহরীন আহসান
উপ-পরিচালক

# অঙ্গীকারনামা

আমি........................ পদবী **প্রোপ্রাইটর চেয়ারম্যান ব্যবস্থাপনা পরিচালক ম্যানেজিং পার্টনার পার্টনার** এই মর্মে **প্রতিষ্ঠানের নাম এর ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার ন্যাশনওয়াইড বিভাগ জেলা উপজেলা থানা লাইসেন্স নং তারিখঃ** এর পক্ষে অঙ্গীকার করছি যে আবেদনকৃত এর ০১ এক কিলোমিটার দূরত্বের মধ্যে অত্র প্রতিষ্ঠানের অন্য কোন **আছে নেই**। আবেদনকৃত এর ঠিকানাঃ । অত্র এর ০১ এক কিলোমিটার দূরত্বের মধ্যে ভবিষ্যতে স্থাপন করার পূর্বে কমিশনের অনুমোদন গ্রহণ করা হবে।

নামঃ........................
পদবীঃ........................
প্রতিষ্ঠানের নামঃ